## রেলপথ মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সারসংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | রেলপথ মন্ত্রণালয় | ০২ | ০১ | ০১ | - | ০১ | ০২ | সর্বোচ্চ ৩১৬.৬৬% ও সর্বনিম্ন ২৫% | ০১ | সর্বোচ্চ ১১১% ও সর্বনিম্ন ০০% |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০২ (দুই)

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ

| প্রকল্পের নাম | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত বাস্তবায়নকাল |
|---|---|---|
| “পাহাড়তলী ওয়ার্কসপ উন্নয়ন (বিশেষ সংশোধিত)” শীর্ষক প্রকল্প | মোট: ৩০৮৪২.৬৩<br>জিও বি: ২২১৯২.৬৬<br>প্র: সা: ৮৬৫০.০০ | জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৯ |
| “প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ রেলওয়ের দক্ষতা উন্নয়নের জন্য কারিগরি সহায়তা” শীর্ষক প্রকল্প | মোট: ৭৯০.০০<br>জিওবি: ১২.০০<br>প্র:সা: ৭৭৮.০০ | জুলাই ২০১৫ হতে জুন ২০২০ |

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

| নং | সমস্যা | সুপারিশ |
|---|---|---|
| ১. | পাহাড়তলী ওয়ার্কশপে শ্রমিকের সংখ্যা অপ্রতুল। | পাহাড়তলী ওয়ার্কশপে কর্মরত শ্রমিকের সংখ্যা প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত নয়। প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতিসমূহ সচল রাখার জন্য পর্যাপ্ত সংখ্যক শ্রমিক নিয়োজিত রাখা প্রয়োজন। যন্ত্রপাতিসমূহের ব্যবহার ও রক্ষনাবেক্ষণ কাজের জন্য জনবল বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে; |
| ২. | কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিজস্ব পদ্ধতি বা তৃতীয় কোন স্বাধীন বিশেষজ্ঞ পক্ষের মাধ্যমে নিয়মিত ফিল্ড টেস্ট করা। | চুক্তিপত্রের সংস্থান মোতাবেক সম্পাদিত কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিজস্ব পদ্ধতি বা তৃতীয় কোন স্বাধীন বিশেষজ্ঞ পক্ষের মাধ্যমে (যেমন: চট্রগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় বা বুয়েট) নিয়মিত ফিল্ড টেস্ট করা যেতে পারে। এ বিষয়ে একটি Standard operating Procedure (SOP) বা গাইডলাইন প্রণয়ন করা যেতে পারে; |
| ৩. | ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন। | পাহাড়তলী ওয়ার্কসপ উন্নয়ন (বিশেষ সংশোধিত)” শীর্ষক প্রকল্পে ০৭ বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন ও খন্ডকালীন দায়িত্ব প্রদানের ফলে প্রকল্পের কাজের অগ্রগতি ব্যহত হয়েছে। এ বিষয়ে একনেকের অনুশাসন প্রতিপালন করতে হবে; |

| নং | সমস্যা | সুপারিশ |
|---|---|---|
| ৪. | অনুদানের অর্থ পুরোপুরি ব্যবহার না করা। | প্রকল্পের "Project Implementation Component" ও Claimate Mitigation Funding Component" এর কার্যক্রম যথাক্রমে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অনুদান ৪৬৬.৮০ লক্ষ টাকা এবং নরডিক ডেভেলপমেন্ট ফান্ড (এনডিএফ) অনুদান ৩১১.২০ লক্ষ টাকায়, মোট ৭৭৮.০০ টাকায় বাস্তবায়নের জন্য নির্ধারিত থাকলেও প্রকৃতপক্ষে ব্যয় হয়েছে মোট ৫৫২.১৯ লক্ষ টাকা, যা ২২৫.৮১ লক্ষ টাকা অব্যয়িত। উল্লিখিত দুটি কম্পোনেন্টেই প্রশিক্ষণ প্রদান ও ইক্যুইপমেন্ট ক্রয়ের সংস্থান ছিল। অব্যয়িত অর্থ দ্বারা বাংশাদেশ রেলওয়ের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনীয় অফিস যন্ত্রপাতি ক্রয় করা সমীচীন ছিল। প্রকল্পের অনুদানের অর্থ সম্পূর্ণরূপে ব্যবহার করতে না পারার বিষয়ে রেলপথ মন্ত্রণালয় ব্যাখ্যা প্রদান করবে; |

## পাহাড়তলী ওয়ার্কসপ উন্নয়ন (বিশেষ সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন মূল্যায়ন

**(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৯)**

১। প্রকল্পের নাম : পাহাড়তলী ওয়ার্কসপ উন্নয়ন (বিশেষ সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন মূল্যায়ন ।

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মো: কামাল হোসেন, সহকারী পরিচালক

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ০৪/৯/২০২১ খ্রি: তারিখ।

৪। প্রকল্পের অবস্থান : খুলশী, পাহাড়তলী , চট্টগ্রাম।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে।

৬। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়।

৭। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | প্রকৃত ব্যয় | বাস্তবায়ন কাল | প্রকৃত বাস্তবায়নকাল | অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়কালের %) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি (বৈদেশিক মুদ্রা) | প্র:সা: | মোট জিওবি প্রকল্প সাহায্য | | | | |
| মূল অনুমোদিত | ১৪৬১৮.৮৭ | ৩২৪০.০৫ (-) | ১১৩৭৮.৮২ | ৩০৮৪২.৬৩ ২২১৯২.৬৬ ৮৬৫০.০০ | জুলাই, ২০০৭ হতে জুন, ২০১০ | জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৯ | ১৬২২৩.৭৯ (১১১%) | ০৯ বছর ০৬ মাস (৩১৬.৬৬% ) |
| সর্বশেষ সংশোধিত | ৩২২৪৮.৫৪ | ২৩৫৯৮.৫৪ (৩৭৫৯.২৩ ) | ৮৬৫০.০০ | | জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৯ | | | |

**০৮।** প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে) :

| অনুমোদিত অংগের নাম | একক | আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) রাজস্ব ব্যয় | | | | | |
| এলসি ওপেনিং | থোক | ৫৫০.০০ | | ৫২৮.৬২ | ৯৬.১১% |
| ইন্সপেকশন ফি | -- | ৭৫.৫১ | | ২১.১২ | ২৭.৯৭% |
| বিজ্ঞাপন | -- | ৫.০০ | | ৩.৭৪ | ৭৪.৮% |
| সম্মানী | -- | ৫.০০ | | ৪.২৮ | ৮৫.৬% |
| সার্ভে ফি | | ২৫.০০ | | ২৪.১৫ | ৯৬.৬% |
| স্টেশনারি | | ৪.০০ | | ৩.৯৬ | ৯৯% |
| উপ-মোট | | ৬৬৪.৫১ | | ৫৮৫.৮৭ | ৮৮.১৬ |
| খ) মূল উপাদান | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নতুন প্ল্যান্টস মেশিনারি সাপ্লাই, ইন্সটলেশন ও কমিশনিং | ১০২টি | ১২৩৩৩.৭২ | | ১১৬৫৭.৫১ | ৯৪.৫১% |
| পাহাড়তলী ওয়ার্কশপের জন্য শেড, রাস্তা, গভীর নলকূপ, পানি নিস্কাশন ইত্যাদি। | | ৭২৪৩.৮৭ | | ৭২১৬.০৫ | ৯৯.৬১% |
| ইলেকট্রিক্যাল ওয়ার্কস | -- | ১২৭৬.৮৭ | | ১২২০.৬১ | ৯৫.৫৯% |
| ট্র্যাক ওয়ার্কস | -- | ৬০৮২.৭৭ | | ৬০৮২.৬২ | ৯৯.৯৯ |
| সিডি এন্ড ভ্যাট | -- | ৪৬৪৬.৮০ | | ৪০৮০.০০ | ৮৭.৮০ |
| উপ মোট (মূল উপাদান) | -- | ৩১৫৮৪.০৩ | | ৩০২৫৬.৭৯ | ৯৫.৭৯ |
| সর্বমোট (রাজস্ব ব্যয়+মূল উপাদান) | -- | ৩২,২৪৮.৫৪ | | ৩০,৮৪২.৬৬ | ৯৫.৬১ |

০৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয়

১০। প্রকল্পের পটভূমিঃ

"ঢাকা-চট্টগ্রাম রেলপথ উন্নয়ন" শীর্ষক আমব্রেলা প্রকল্পটি জেবিআইসি (বর্তমানে জাইকা) অর্থায়নে মোট ১১৫০.০১ কোটি টাকা (জিওবি ৩৭১.৯৪ কোটি এবং প্রকল্প সাহায্য ৭৭৮.০৭ কোটি টাকা) প্রাক্কলিক ব্যয়ে এবং জুলাই, ২০০৭ হতে জুন, ২০১০ মেয়াদে গত ৩১-১২-২০০৭ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। উক্ত আমব্রেলা প্রকল্পের আওতায় ০৫টি কম্পোনেন্ট ভিত্তিক স্বতন্ত্র প্রকল্প রয়েছে। তন্মধ্যে আলোচ্য প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে। ১৯৪৭ সালে নির্মিত পাহাড়তলী ওয়ার্কশপ উন্নয়নের মাধ্যমে পূর্বাঞ্চলের রোলিং স্টকের যথাযথ রক্ষণাবেক্ষণপূর্বক রোলিং স্টকের প্রাপ্তিতা (availability) বৃদ্ধি করার লক্ষ্যে উপ-প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এর আওতায় পাহাড়তলী ওয়ার্কশপের ভবনসমূহ, অভ্যন্তরীণ রাস্তা, ড্রেনেজ ও পানি সরবরাহ ব্যবস্থার পুনর্বাসন, ওয়ার্কসশ শেডের ভিতর ও বাইরের সকল রেল লাইন নবায়ন, নতুন প্লান্টস্ স্থাপন এবং পুরাতন মেশিন/প্লান্টস্ পুনর্বাসন, ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট উন্নয়নপ্রভৃতি কার্যাদি সম্পাদন করার লক্ষ্যে মোট ১৪৬.১৯ কোটি (জিওবি ৩২.৪০ এবং প্রকল্প সাহয্য ১১৩.৭৯) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই,২০০৭ হতে জুন, ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য বর্ণিত উপ-প্রকল্পটি গ্রহণ করা হয়।

**১১। প্রকল্পের উদ্দেশ্য:**

- পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকীকরণ;
- ওয়ার্কসপের ক্যাপাসিটি ও প্রডাক্টিভিটি বৃদ্ধিকরণ; এবং
- ক্রমবর্ধমান চাহিদা অনুসারে বাংলাদেশ রেলওয়ের ক্যারেজ ও ওয়াগনের মেরামত ও রক্ষণাবেক্ষণ করা।

**১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

ক) প্রকল্প অনুমোদনের তারিখ: ৩১-১২-২০০৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়।বাস্তবায়নকাল ০১-০৭-২০০৭ হতে ৩০-৬-২০১০ পর্যন্ত।

খ) ১ম সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ২০-০১-২০১৫ খ্রি:, বাস্তবায়নকাল০১-০৭-২০০৭ হতে ৩০-০৬-২০১৭।

গ) ২য় সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ০৮-০৫-২০১৮ খ্রি:, বাস্তবায়নকাল০১-০৭-২০০৭ হতে ৩১-১২-২০১৮ পর্যন্ত ।

ঘ) বিশেষ সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ০৮-১২-২০১৯ খ্রি:, বাস্তবায়নকাল০১-০৭-২০০৭ হতে ৩১-১২-২০১৯ পর্যন্ত।

১৩। আর্থিক পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত: বছরভিত্তিক আরএডিপিপি'র সংস্থানের বিপরীতে মোট অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| অর্থবছর | সর্বশেষ সংশোধিত আরডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান | | | | অর্থ ছাড় | প্রকৃত ব্যয় | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | বাস্তব (%) | | মোট | টাকা | প্রঃ সাঃ | বরাদ্দের বিপরীতে ব্যয় (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২০০৭-০৮ | ১৫.০০ | ১৫.০০ | ০.০০ | ০.০৫% | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | -- |
| ২০০৮-০৯ | ২৯.০০ | ২৯.০০ | ০.০০ | ০.০৯% | ২১.৭৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | -- |
| ২০০৯-১০ | ৩৮৯৩.০০ | ৩৮৯৩.০০ | ০.০০ | ১২.০৭% | ১১২.৫০ | ০.০০ | ০.০০ | ০.০০ | -- |
| ২০১০-১১ | ২৫.০০ | ২৫.০০ | ০.০০ | ০.০৮% | ৪.০০ | ২.০০ | ২.০০ | ০.০০ | ০.০০৬% |
| ২০১১-১২ | ২৭.০০ | ২৭.০০ | ০.০০ | ০.০৮% | ২.৫০ | ১.৬৫ | ১.৬৫ | ০.০০ | ০.০০৫% |
| ২০১২-১৩ | ১.০০ | ১.০০ | ০.০০ | ০.০০৩% | ১.০০ | ০.৪৪ | ০.৪৪ | ০.০০ | ০.০০১% |
| ২০১৩-১৪ | ১.০০ | ১.০০ | ০.০০ | ০.০০৩% | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | -- |
| ২০১৪-১৫ | ৩.০০ | ৩.০০ | ০.০০ | ০.০০৯% | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | -- |
| ২০১৫-১৬ | ৪৬১০.০০ | ৪৬১০.০০ | ০.০০ | ১৪.২৭% | ৪৬১০.০০ | ৪৫৯৭.০২ | ৪৫৯৭.০২ | ০.০০ | ১৪.২৫% |
| ২০১৬-১৭ | ১৪৪৭৩.০০ | ৫৮২৩.০০ | ৮৬৫০.০০ | ৪৪.৮৮% | ১৪৩৫৬.০০ | ১৪০৫৭.০০ | ৫৪০৭.০০ | ৮৬৫০.০০ | ৪৩.৫৯% |
| ২০১৭-১৮ | ১৩৮০.০০ | ১৩৫৫.০০ | ২৫.০০ | ৪.২৮% | ১৩৮০.০০ | ১৩৫৩.৭১ | ১৩৩২.৫৯ | ২১.১২ | ৪.১৮% |
| ২০১৮-১৯ | ১১২০২.০০ | ৭৯২৯.০০ | ৩২৭৩.০০ | ৩৪.৭৪% | ১১২০২.০০ | ৮৯৮১.৫৬ | ৬৯০৫.৮৫ | ২০৭৫.৭১ | ২৭.৮৫% |
| ২০১৯-২০ | ৫১৬৮.০০ | ৩৪০৭.৫০ | ১৭৬০.৫০ | ১৬.০৩% | ২৫৮৪.০০ | ১৮৪৯.২৫ | ৯১৭.৪৫ | ৯৩১.৮০ | ৫.৭৩% |
| মোট: | ৪০৮২৭ | ২৭১১৮.৫০ | ১৩৭০৮.৫০ | ১২৬.৫৮% | ৩৪২৭৩.৭৫ | ৩০৮৪২.৬৩ | ১৯১৬৪.০০ | ১১৬৭৮.৬৩ | ৯৫.৬১% |

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায়- অনুমোদিত মোট প্রকল্প ব্যয় ৩২২৪৮.৫৪ লক্ষ টাকার মধ্যে জিওবি অর্থ ২৩৫৯৮.৫৪ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৮৬৫০.০০ লক্ষ টাকার রবাদ্দের বিপরীতে বিভিন্ন অর্থবছরে মোট আর্থিক অগ্রগতি ৩০৮৪২.৬৩ (৯০%) লক্ষ টাকা, বাস্তব অগ্রগতি ৯৫.৬১%।

১৪। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ

<u>প্রকল্প পরিদর্শনঃ</u> পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলীয় জোনের কমকর্তাগণ ও প্রকল্প এলাকা পূর্বাঞ্চালীয় রেলওয়ের পাহাড়তলী ওয়ার্কশপ এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিন পরিদর্শন এবং পিসিআর এ প্রদত্ত তথ্যের আলোকে পর্যবেক্ষণ নিম্নরুপঃ

১৪.১ এলসিটি শপ: পরিদর্শনকালে জানা যায় যে, এয়ার কন্ডিশন এন্ড ট্রেন লাইটিং (এসিটিএল) শপে পাহাড়তলী কারখানায় আগত সকল শীততাপ নিয়ন্ত্রিত কোচ সমূহের এসি'র রক্ষণাবেক্ষণ কাজ করা হয়| পাহাড়তলী ওয়ার্কসপ উন্নয়ন (বিশেষ সংশোধিত) প্রকল্পের আওতায় রউফ রিসিটিং, কলাম মজবুতীকরণ এবং ফ্লোর ঢালাইয়ের কাজ সম্পন্ন করা হয়েছে যা পরিদর্শনকালে পর্যবেক্ষণ করা হয়।

১৪.২ ট্রেন লাইটিং শপঃ ট্রেন লাইটিং শপের ইনচার্জ জানান যে, পাহাড়তলী কারখানায় আগত এমজি কোচসমূহের লাইট, ফ্যান, এবং ইলেকট্রিক্যাল যাবতীয় কাজসমূহমেরামত সম্পন্ন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, শ্রমিকগণ এ ওয়ার্কসপে কাজ করছে। স্বল্প সংখ্যক শ্রমিক দিয়ে এ শপ এর কাজ পরিচালনা করা সম্ভব হচ্ছেনা বলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জানান।

১৪.৩ ক্যারেজ শপ: পরিদর্শনকালীন দেখা যায় যে, ক্যারেজ শপে পাহাড়তলী কারখানায় আগত সকল ক্যারেজসমূহের স্টিল রিপেয়ারিং, কোচের মেশিন কাজ, শীট ফিটিংস,বডি ফার্নিশিং ইত্যাদি কাজসমূহ সম্পন্ন করা হয়। বর্ণিত প্রকল্পের ক্যারেজ শপের কলাম মজবুতিকরণ, ফ্লোর ঢালাই, রউফ রিসিটিং, ট্রান্সবার, ব্রিক ওয়ার্ক, স্লাবট্রাকের কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ক্যারেজ শপে Hydraulic Folding Press machine, Shot Blasting Machine and equipment, 20 Ton over Head Crane, Synchronized Jacks Cap-15 ton, Stainless Steel Metal Shearing Machine, Motorized Shunting Winch 20 Ton, Portable Arc Welding Machine Multi Head Ges Portable Falem Cutting Machineস্থাপন করা হয়েছে।পার্টস ও মেশিনসমূহ বর্তমানে সচল অবস্থায় রয়েছে। নতুনপার্টসএবং মেশিনসমূহ স্থাপনের পর প্রাত্যাহিক কার্যক্রম সহজতর হয়েছে এবং স্বল্প সময়ে অধিক কাজ করার সক্ষমতাবৃদ্ধি পেয়েছে বলে প্রতীয়মান হয় ।

১৪.৪ হুইল শপ: হুইল শপে পাহাড়তলী কারখানায় আগত সকল ক্যারেজ এবং লোকোমোটিভের হুইল টার্নিং,গ্রিজিং বিয়ারিং,টায়ার খোলা, টায়ার ফিট ইত্যাদি কাজসমূহ সম্পন্ন করা হয়। বর্ণিত প্রকল্পের আওতায় হুইল শপ বর্ধিতকরণ, সপের কলাম মজবুতিকরণ, ফ্লোর ঢালাই, রউফ রিসিটিং, ট্রান্সবার, ব্রিক ওয়ার্ক, স্লাব ট্রাকের কাজ সম্পন্ন করা হয়েছে। হুইল সপে Wheel Lathe Machine, Wheel Tyre Vertical Boring Machine, Hydralic Wheel press Machine, Tyre Rolling machine Ges5 ton Overhead Crane স্থাপন করা হয়েছে। হুইল শপে আধুনিক পার্টস ও মেশিনসমূহ স্থাপন এবং হুইল শপ বর্ধিতকরণের ফলে কাজের মাত্রা বৃদ্ধি পেয়েছে এবং কাজের পরিবেশ পূর্বের তুলনায় সহজ ও সুশৃঙ্খল হয়েছে বলে মর্মে জানা যায়।

১৪.৫ পেইন্ট শপঃ পাহাড়তলী কারখানায় আগত কোচসমূহের কোটিং এবং পেইন্টিং এর কাজ করা হয়। বর্ণিত প্রকল্পের আওতায় উক্ত শপে ফ্লোর ঢালাই, রউফ রিসিটিং, ট্রান্সবার, ব্রিক ওয়ার্ক, স্লাব ট্রাকের কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১৪.৬ জিওএইচ শপঃ বর্ণিত প্রকল্পের আওতায় উক্ত শপে ট্রাসবার, ফ্লোর ঢালাই, রউফ রিসিটিং, ব্রিক ওয়ার্ক,স্লাব ট্রাংকের কাজ সম্পন্ন করা হয়েছে যা পরিদর্শনকালে পর্যবেক্ষণ করা হয়।

১৪.৭ ট্রাক ওয়ার্কসঃ পাহাড়তলী কারখানায় বর্ণিত প্রকল্পের আওতায় প্রায় ১২.০০ কি:মি: ট্র্যাক পুনর্বাসন কাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে ট্র্যাক ওয়ার্কস এর লাইন সঠিকভাবে নিয়মানুযায়ী করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়।

১৪.৮ গভীর নলকূপঃ পাহাড়তলী কারখানায় বর্ণিত প্রকল্পের বিপরীতে ১টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে এবং ১ লক্ষ লিটারের একটি ওভারহেড ওয়াটার ট্যাংক স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় যে, এ গভীর নলকূপ দিয়ে কারখানার পানির চাহিদা মিটানো সম্ভব হয়েছে।

১৪.৯ বগি মেরামত শপঃ এই শপে আগত কোচের সকল বগিসমূহ মেরামত করা হয় ।উক্ত শপে বগির বিভিন্ন যন্ত্রাংশসমূহ সংযোজন, মেরামত, এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। বর্ণিত প্রকল্পের আওতায় ট্রাসবার কলাম মজবুতিকরণ, রউফ রিসিটিং, ব্রিক ওয়ার্ক, স্ল্যাব ট্র্যাকের কাজ সম্পন্ন হয়েছে। | Bogie Load Testing

Machine Ges 10 ton overhead মেশিনসমূহ স্থাপন করা হয়েছে। স্থাপিত মেশিনসমূহ দিয়ে শ্রমিকগণ আগের চেয়ে বেশী সক্ষমতায় কাজ সম্পন্ন করতে পারছে বলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জানান।

১৪.১০ ওয়াগন শপঃ পূর্বাঞ্চলের মালবাহী সকল কোচের মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয় ওয়াগন শপে। বর্ণিত প্রকল্পের ট্রাসবার,ফ্লোর ঢালাই, রউফ রিসিটিং, স্ল্যাব ট্র্যাকের কাজ সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়।

১৪.১১ ঢালাই শপ: ঢালাই শপে যাত্রিবাহী ও মালবাহী গাড়ির ব্রেকরক্ষণাবেক্ষণ ও রেলের বিভিন্ন যন্ত্রংশ তৈরি করা হয়। বর্ণিত প্রকল্পের আওতায় রউফ রিসেটিং কাজ সম্পন্ন করা হয়েছে এবং৬টন সক্ষমতা সম্পন্ন Cupola furnace স্থাপন করা হয়েছেযা পরিদর্শনকালে দেখা যায়।

১৪.১২ স্মিথি সপ (কামারশালা) : স্মিথি শপে প্রকল্পের আওতায় রউফ রিসিটিং, ব্রিক ওয়ার্ক এর কাজ সম্পন্ন হয়েছে এবং ১০ টন সক্ষমতাসম্পন্ন ১টি Hammer Pneumatic স্থাপন করা হয়েছে।

১৪.১৩ নতুন সাব-স্টেশনঃ বর্ণিত প্রকল্পের আওতায় দুটি বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন করা হয়েছে।পরিদর্শনকালে সাব-স্টেশন চালু অবস্থায় দেখা যায়। এ সাব-স্টেশন স্থাপনের ফলে আগের তুলনায় ওয়াকশপে বিদ্যুৎ ব্যবস্থার ব্যাপক প্রসার ঘটেছে বলে প্রতীয়মান হয়।

১৪.১৪ ডিজেল শপঃ পাহাড়তলী ডিজেল শপে মিটারগেজ লোকোমোটিভসমূহের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ এবং হালকা সিডিউল মেরামত করা হয়। বর্ণিত প্রকল্পের আওতায় এই শপে রউফ রিসেটিং, কলাম মজবুতিকরণ, Spectrophotometer, Water Treatment machine, 10 ton overhead crane, Balancing machine, Engine Governor test stand for Woodward Governor, Commutator Under cut machineGes Overhead crane cap-40tonস্থাপন করা হয়েছে। যা সচল অবস্থায় দেখা যায়।

১৫। প্রকল্পটির ক্রয় পরিকল্পনা (পণ্য কার্য/সেবা) এবং বাস্তবায়নঃ প্রকল্পটির আওতায় ৩টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ১২৩৩৭.৭২ লক্ষ টাকা, ৪টি প্যাকেজে কার্যক্রয় বাবদ ১৪৬০৩.৫১ লক্ষ টাকা, এল/সি ওপেনিং বাবদ ৫৫০.০০ লক্ষ টাকা, বিজ্ঞাপন বাবদ ৫.০০ লক্ষ টাকা, ইন্সপেকশন ফি বাবদ ৭৫.৫১ লক্ষ টাকা, টেন্ডার ওপেনিং কমিটি ও টেন্ডার মূল্যায়ন কমিটির সম্মানি বাবদ ৫.০০ লক্ষ টাকা, সার্ভে ফি বাবদ ২৫.০০ লক্ষ টাকা এবং সিডি ভ্যাট বাবদ ৪৬৪৬.৮০ টাকাসহ মোট ৩২২৪৮.৫৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ে অধিদপ্তর কর্তৃক ক্রয় কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। প্রধান প্যাকেজসমূহের ক্রয় প্রক্রিয়ার তথ্য নিম্নরূপঃ

| Discription of procurement (Goods, Works) as per bid document | Tender/Bid/Proposal Cost (in lak tk.) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP/ RDPP | Contracted value | Invitation date | Contract Signing /L/C opening date | As per Contract | Actual |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| GD 1 | Supply, Installation and commission of new plants & machinery | 12333 .72 | USD: 147,04,593.00 Equivalent BDt: 12333.72 (1 USD=83.88 BDT) | 05-01-16 | Contract Signing date 30.11.2016 LC opening date: 28.12.2016 | Goods Supply, Installatio& commissioned on 27.12.2018 | Goods Supply, Installatio& commissioned on 31.12.2018 |
| WD -1 | Renovation of sheds drainage system,roads ,sinking,deep tebe-wells & instsllation of water tanks, ETP ect. Of Pahartali workshop & Electical works | 6698. 39 | Original 4594.72 Revised 6698.39 | 10-03-15 | Original 30.09.2015 Revised 18.10.2018 | Original 29.10.2017 Revised 30.06.2019 | 31.12. 2019 |
| WD -2 | Track works | 5018. 03 | Original 3345.72 Revised 5017.99 | 10-03-15 | Original 30.09.2015 Revised 18.10.2018 | Original 29.10.2017 Revised 30.06.2019 | 31.06. 2019 |
| WD - 1(a) | Additional Civil works | 1822. 35 | 1822.26 | 30.10.18 | 14.03.2019 | 6 months | 31.12. 2019 |
| WD - 1(b) | Additional Track works | 1064. 74 | 1064.74 | 30.10.18 | 14.03.2019 | 6 months | 31.06. 2019 |
| GD-2 | Offce Stationary | 2.00 | 1.99 | 30.03.16 | 15.05.2016 | 1 months | 14.06. 2016 |
| GD-3 | Offce Stationary | 2.00 | 1.98 | 05.06.17 | 13.06.2017 | 1 months | 12.07. 2017 |
| | Total | 26941 .23 | 26941.00 | | | | |

**১৬। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | দায়িত্বের ধরণ | | কর্মকাল | |
|---|---|---|---|---|---|
| | | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদান | বদলী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | মোঃ খলিলুর রহমান<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | খন্ডকালীন | ২৬-০৬-২০০৭ | ১৪-১২-২০০৮ |
| ০২। | মোঃ শামসুজ্জামান<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | খন্ডকালীন | ১৫-০২-২০০৮ | ২৪-০২-২০১১ |
| ০৩। | মোঃ আক্তারুজ্জামান হায়দার<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | খন্ডকালীন | ২৪-০২-২০১১ | ০২-০৩-২০১৪ |
| ০৪। | আব্দুল মতিন চৌধুরী<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | খন্ডকালীন | ০২-০৩-২০১৪ | ১৯-০৪-২০১৪ |
| ০৫। | মোঃ হারুন-অর-রশিদ<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | খন্ডকালীন | ১৯-০৪-২০১৪ | ০৩-১১-২০১৬ |
| ০৬। | মোঃ মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | খন্ডকালীন | ০৩-১১-২০১৬ | ০৭-০২-২০১৮ |
| ০৭। | মোঃ মিজানুর রহমান<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পূর্ব) সিআরবি, চট্টগ্রাম | -- | | ০৭-০২-২০১৮ | ৩১-১২-২০১৯ |

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পিত উদ্দেশ্য | উদ্দেশ্য অর্জন |
|---|---|
| ➢ পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকীকরণ | ➢ পাহাড়তলী ওয়ার্কশপ আধুনিকীকরণ করা হয়েছে। |
| ➢ ওয়ার্কশপের ক্যাপাসিটি ও প্রডাকটিভিটি বৃদ্ধিকরণ; এবং | ➢ ওয়ার্কশপের ক্যাপাসিটি ও প্রডাকটিভিটি বৃদ্ধিকরণ করা হয়েছে। |
| ➢ ক্রমবর্ধমান চাহিদা অনুসারে বাংলাদেশ রেলওয়ের ক্যারেজ ও ওয়াগনের মেরামত ও রক্ষণাবেক্ষণ করা। | ➢ ক্রমবর্ধমান চাহিদা অনুসারে বাংলাদেশ রেলওয়ের ক্যারেজ ও ওয়াগনের মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। |

১৮। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের উদ্দেশ্য বহুলাংশে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৯। অডিট সংক্রান্ত তথ্যাদি:

Foreign aided projects Audit Directorate (FAPAD) কর্তৃক ২০১৭-১৮ ও ২০১৮-২০১৯ সাল মোট ০৫টিআপত্তি উত্থাপিত হয়েছিল। উক্ত ০৫টি আপত্তি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে মর্মে জানা যায়, তা নিম্নরূপঃ

| নিরীক্ষা সন | অডিট রিপোর্ট জমাদানের তারিখ | আপত্তির সংখ্যা | আপত্তিসমূহ | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২০১৭-১৮ ও ২০১৮-১৯ | ১৬-০৬-২০২০ | ৫টি | PART-A<br>1. nspent balance of CDVAT lying unused in current account needs to be deposited into govt. account.<br>2. iquidated Damage was not realized due to failure to complete the work within stipulated time.<br>3. 0504 ft old used rail (release rail) was not deposited into railway store.<br>PART-B<br>4. nsurance coverage not done for the civil works which is violation of condition of contract.<br>5. oss of project fund for procurement of excess amount of rail lying unused. | ১৭,৭৭,০৫,৮৮৯+৭,৯৪,০৪,৩৯৮+১৪৬,০৩,৪০৭,০৬+১,৫৯,২৭,১৪৩ =১৭৩,৩৩,৭৮,১৩৬ | অডিট নিষ্পত্তির বিস্তারিত জবাব প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত) |

**২০। পর্যালোচনা/পর্যবেক্ষণ :**

২০.১ সম্পাদিত কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিজস্ব পদ্ধতি বা তৃতীয় কোন স্বাধীন বিশেষজ্ঞ পক্ষের মাধ্যমে (যেমনঃ চট্রগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় বা বুয়েট) নিয়মিত ফিল্ড টেস্ট করা জরুরি। এ বিষয়ে একটি Standard Operating Procedure (SOP) বা গাইডলাইন প্রণয়ন করে বিষয়টির প্রতি গুরুত্বারোপ করা প্রয়োজন;

২০.২ প্রকল্পটির মূল মেয়াদকাল ০১-০৭-২০০৭ হতে ৩০-৬-২০১০ পর্যন্ত নির্ধারিত ছিল। মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ৯ বছর ৬ মাস সময় বেশী অতিবাহিত হয়েছে। এক্ষেত্রে ৩২০% টাইম ওভার রান হয়েছে।

২০.৩ প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, এ প্রকল্পের বাস্তবায়িত সময়ের মধ্যে ০৬ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্প বাস্তবায়ন সময়ে প্রকল্প পরিচালক অনেকবার পরিবর্তন এবং খন্ডকালীন দায়িত্ব প্রদানের ফলে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কিছুটা হলেও সমস্যার সৃষ্টি হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

২০.৪ প্রকল্পের আওতায় পাহাড়তলী ওয়ার্কশপের যে আধুনিকায়ন করা হয়েছে তা পর্যাপ্ত নয় । তাছাড়া এ ওয়ার্কশপে কর্মরত শ্রমিকের সংখ্যা প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত নয়। প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতিসমূহ সচল রাখার জন্য পর্যাপ্ত সংখ্যক শ্রমিক নিয়োজিত রাখা প্রয়োজন। যন্ত্রপাতিসমূহের ব্যবহার ও রক্ষনাবেক্ষণ কাজে সার্বক্ষনিক মনিটরিং এর ব্যবস্থা গ্রহণসহ প্রতিটি ক্ষেত্রে দায়িত্বরত কমকর্তাগণকে আরো সচেষ্ট থাকা প্রয়োজন বলে প্রতীয়মান হয়েছে।

**২০.৫** প্রকল্পটির আওতায় ৩টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ১২৩৩৭.৭২ লক্ষ টাকা , ৪টি প্যাকেজে কার্যক্রয় বাবদ ১৪৬০৩.৫১ লক্ষ টাকা, এল/সি ওপেনিং বাবদ ৫৫০.০০ লক্ষ টাকা, বিজ্ঞাপণ বাবদ ৫.০০ লক্ষ টাকা, ইন্সপেকশন ফি বাবদ ৭৫.৫১ লক্ষ টাকা, টেন্ডার ওপেনিং কমিটি ও টেন্ডার মূল্যায়ন কমিটির সম্মানি বাবদ ৫.০০ লক্ষ টাকা, সার্ভে ফি বাবদ ২৫.০০ লক্ষ টাকা এবং সিডি ভ্যাট বাবদ ৪৬৪৬.৮০ টাকা সহমোট ৩২২৪৮.৫৪ লক্ষ টাকার বেশ কিছু প্যাকেজের ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়েছে। এ বিষয়ে দায়িত্বরত কমকর্তাগণকে আরো সচেষ্ট থাকা প্রয়োজন বলে প্রতীয়মান হয়েছে।

২১. প্রকল্পের অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩০৮৪২.৬৬লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৯৫.৬৪% এবং বাস্তব অগ্রগতি ৯৬%।ওয়াকশর্পের স্থাপিত আধুনিক মানসম্পন্ন যন্ত্রপাতিসমূহ শ্রমিকদের কাজের সক্ষমতা বৃদ্ধি করেছে । তাছাড়া কর্মরত শ্রমিকদের কাজ আগের থেকে সহজতর উপায়ে করা সম্ভবপর হয়েছে। সর্বোপরি পাহাড়তলী ওয়াকশপের শ্রমিকগণের আর্থ-সামাজিক ও জীবনমানের উন্নয়ন সাধিত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ওয়ার্কশপে স্থাপিত মেশিনারিশসহ আধুনিকায়নের কারণে অন্য সময়ের তুলনায় কম সময়ের মধ্যে মেরামতসহ অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করা সম্ভবপর হয়েছে যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে ও রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

২২। মতামত/সুপারিশ:

২২.১ প্রকল্পটির চূড়ান্ত সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৩২২৪৮.৫৪ লক্ষ টাকার মধ্যে জিওবি ২৩৫৯৮.৫৪ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৮৬৫০.০০ লক্ষ টাকার ব্যয় হয়েছে। এ ব্যয়ের বিপরীতে প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৩০৮৪২.৬৩ (৯০%) লক্ষ টাকা, বাস্তব অগ্রগতি ৯৫.৬১%। এ প্রকল্পটি বাস্তবায়নের অভিজ্ঞতা কাজে লাগিয়ে ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পে মূল প্রাক্কলিত ব্যয় ও মেয়াদকাল নির্ধারণে আরোও সচেষ্ট হতে হবে;

২২.২ পাহাড়তলী ওয়ার্কশপে কর্মরত শ্রমিকের সংখ্যা প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত নয়। প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতিসমূহ সচল রাখার জন্য পর্যাপ্ত সংখ্যক শ্রমিক নিয়োজিত রাখা প্রয়োজন। যন্ত্রপাতিসমূহের ব্যবহার ও রক্ষনাবেক্ষণ কাজের জন্য জনবল বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২২.৩ চুক্তিপত্রের সংস্থান মোতাবেক সম্পাদিত কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিজস্ব পদ্ধতি বা তৃতীয় কোন স্বাধীন বিশেষজ্ঞ পক্ষের মাধ্যমে ( যেমন: চট্রগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় বা বুয়েট) নিয়মিত ফিল্ড টেস্ট করা যেতে পারে। এ বিষয়ে একটি Standard operating Procedure (SOP) বা গাইডলাইন প্রণয়ন করা যেতে পারে;

২২.৪ বর্ণিত প্রকল্পে ০৭ বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন ও খন্ডকালীন দায়িত্ব প্রদানের ফলে প্রকল্পের কাজের অগ্রগতি ব্যহত হয়েছে। এ বিষয়ে একনেকের অনুশাসন প্রতিপালন করতে হবে;

২২.৫ প্রকল্পটির অডিট আপত্তিসমূহ নিস্পত্তি সংক্রান্ত কার্যক্রম দ্রুত করতে হবে এবং অডিট আপত্তির নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এ বিভাগে জানাতে হবে; এবং

২২.৬ এ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসহ অন্যান্য স্থাপনাগুলি সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে উত্তম সেবা প্রদানে বাংলাদেশ পুর্বাঞ্চল রেলওয়েকে নিশ্চিত করতে হবে;

২২.৭ উপর্যুক্ত মতামত/সুপারিশ (অনুচ্ছেদ ২২.১ হতে ২২.৬) এর আলোকে গৃহীত ব্যবস্থা আইএমইডিকে অবহিত করতে হবে।

২৪। এক নজরে পরিদর্শনের কিছু স্থির চিত্র: (সংযুক্তি-ক)




চিত্র:20 Ton over Head Crane




চিত্র: Hydralic Folding Press machine



চিত্র: Tyre Rolling Machine



চিত্র:Wheel Lathe Machine



চিত্র: Wheel Shop, Extension.



চিত্র: Hydraulic Wheel press Machine

| | |
|---|---|
|  |  |
| চিত্রঃ পর্বের অবস্থানের চিত্র | চিত্রঃ বর্তমানের অবস্থানের চিত্র |
|  |  |
| চিত্রঃ ওভারহেড ওয়াটার ট্যাংক | চিত্র :Hammer Pneumatic Capacity 10 ton |

## প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ রেলওয়ের দক্ষতা উন্নয়নের জন্য কারিগরি সহায়তা শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: জুন ২০২০)**

**১। আইএমইডি'র সর্বশেষ পরিদর্শন :** ২১/০৫/২০১৯ খ্রি.

| সর্বশেষ পরিদর্শনের সুপারিশসমূহ | সুপারিশ বাস্তবায়নের অবস্থা | পর্যবেক্ষণ |
|---|---|---|
| এ প্রকল্পে কর্মকর্তাদের বেতনভাতা, অফিস স্টেশনারী ও পরামর্শক প্রতিষ্ঠানের বেতনভাতাসহ সর্বমোট ৫২৬.৪৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা অনুযায়ী এ প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৬.৬৪%। টিএপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ইতোমধ্যে ইনসেপশান প্রতিবেদন, অর্ধবার্ষিক প্রতিবেদন, ফসিল ফুয়ে সাবসিটি স্টাডি, MRB (Monitoring, Reporting and Verification) এর অধীন প্রথম Monitoring প্রতিবেদন সমাপ্ত করে জমা প্রদান করা হয়েছে এবং বাংলাদেশ রেলওয়েকে পরিবেশবান্ধব করে গড়ে তোলা সংক্রান্ত Nationality Appropriate Mitigations Actions (NAMA) রিপোর্ট এর খসড়াও প্রস্তুত করা হয়েছে। তবে NAMA প্রতিবেদন চুড়ান্ত না হওয়া এবং টিএপিপি'র উদ্দেশ্য অনুযায়ী (টিএপিপি, পৃষ্ঠা-০৫) UNFCCC এর সাথে নিবন্ধনকরণ না হওয়ায় এ প্রকল্পে বাস্তব অগ্রগতি ৮০%। যেহেতু প্রকল্পটি সমাপ্ত হবে জুন ২০১৯ সেহেতু এতো স্বল্প সময়ে বাকী কার্যক্রম সম্পন্ন করা সম্ভব নয় মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়। এমতাবস্থায়, আর্থিক ও বাস্তব অগ্রগতি কিভাবে ১০০% নিশ্চিত করা হবে এ বিষয়ে আইএমইডি'কে অবহিত করতে হবে; | আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% নিশ্চিত করার লক্ষ্যে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করা হয়েছে। | ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্প মেয়াদ ০১ বছর বৃদ্ধি করে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। |
| NAMA প্রতিবেদন কবে চূড়ান্ত করে MOEF and UNFCCC তে জমা প্রদান করা হবে এবং NAMA প্রতিবেদনের বিষয়ে করণীয় সম্পর্কে আইএমডি'কে অবহিত করতে হবে; | NAMA চূড়ান্ত প্রতিবেদন বন ও পরিবেশ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং UNFCCC তে রেজিস্ট্রেশন উক্ত মন্ত্রণালয় কর্তৃক সম্পন্ন করা হয়েছে। | প্রমাণাদি পর্যালোচনাপূর্বক সত্যতা যাচাই করা হয়েছে। |
| টিএপিপি অনুযায়ী এ প্রকল্পের আওতায় ০২ জন আন্তর্জাতিক ও ০১ জন স্থানীয় পরামর্শক (টিএপিপি, পৃষ্ঠা-২৬) নিয়োগের কথা থাকলেও এডিবি কর্তৃক ০১ জন আন্তর্জাতিক (গ্লুটার কন্সাল্টিং এজি নামক পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ১২/১০/২০১৫ তারিখে এডিবি চুক্তি স্বাক্ষর করে) ও বিভিন্ন সময়ে ০৫ জন স্থানীয় পরামর্শক নিয়োগ করা হয়েছে। এমতাবস্থায়, অতিরিক্ত পরামর্শক নিয়োগ বিধিসম্মতভাবে করা হয়েছে কিনা এবং তাদের বেতনভাতা কিভাবে প্রদান করা হচ্ছে এ সংশ্লিষ্ট তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে; | অতিরিক্ত পরামর্শক নিয়োগ বিধিসম্মতভাবে করা হয়েছে। পরামর্শকদের বেতন-ভাতা এডিবি'র তত্বাবধানে প্রদান করা হয়। | টিএপিপি'তে ০২জন আন্তর্জাতিক ও ০১জন জাতীয় পরামর্শক নিয়োগের সংস্থান থাকলেও বাস্তবে ০১ জন আন্তর্জাতিক ও ০৮জন জাতীয় পরামর্শক এডিপির তত্ত্বাবধানে নিয়োগ করা হয়েছে। |
| প্রকল্পটি এডিবি গ্রান্টভুক্ত হওয়ায় কন্সালটেন্ট নিয়োগ ও অন্যান্য কার্যক্রম এডিবি অফিস নিয়ন্ত্রন করেন মর্মে পরিদর্শনকালে জানা যায়। যেহেতু প্রকল্প পরিচালক এ প্রকল্প বাস্তবায়ন করছেন সেহেতু আর্থিক ও সংশ্লিষ্ট সকল কাগজপত্র প্রকল্প অফিসে থাকা বাঞ্চনীয়। এ বিষয়ে আইএমইডি কর্তৃক পূর্বেও (০৮/০৫/২০১৮ তারিখের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ) সুপারিশ করা হয়েছিল। | এডিবি আর্থিক ও প্রকল্প সংশ্লিষ্ট সকল documents প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করেছে। | পরিদর্শনকালে প্রকল্প অফিস হতে চাহিদা অনুযায়ী তথ্য পাওয়া যায়নি। |

| সর্বশেষ পরিদর্শনের সুপারিশসমূহ | সুপারিশ বাস্তবায়নের অবস্থা | পর্যবেক্ষণ |
|---|---|---|
| প্রতিবেদন জারীর এক সপ্তাহের মধ্যে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার সহায়তায় Project Management Information System (PMIS) সফটওয়্যারে প্রকল্প সংশ্লিষ্ট তথ্য প্রদান করতে হবে এবং নিয়মিত আপডেট করতে হবে; | ইতোমধ্যে PMIS এর তথ্য প্রদান করা হয়েছে। | PMIS এ তথ্য প্রদান করা হয়েছে মর্মে জানা যায়। |

## ক. প্রকল্পের মৌলিক তথ্য:

২। প্রকল্পের ধরণ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): কারিগরি সহায়তা।

৩। (ক) অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): জিওবি ও প্রকল্প সাহায্য ।

(খ) উন্নয়ন সহযোগী: এডিবি এবং এনডিএফ।

৪। (ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: রেলপথ মন্ত্ররালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ রেলওয়ে।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল (অনুমোদিত) | ৭৯০.০০ | ১২.০০ | ৭৭৮.০০ | - | জুলাই ২০১৫ হতে জুন ২০১৯ | ০৭/১০/২০১৫ | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ বছর) | -- | -- | -- | -- | জুলাই ২০১৫ হতে জুন ২০২০ | | - | ১ বছর (২৫%) |

**৬। প্রকল্প এলাকা :**

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| | | | | √ |

**৭। প্রকল্পের বিবরণ:**

**ক) প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ রেলওয়ের চলমান প্রকল্প সমূহ যথাক্রমে আখাউড়া-লাকসাম ডাবল লাইন প্রকল্প, কক্সবাজার হতে রামু ও রামু হতে মায়ানমারের গুনদুম পর্যন্ত ডুয়েলগেজ প্রকল্পসহ চলমান অন্যান্য প্রকল্পে দক্ষতা ও সাংগঠনিক ক্ষমতা বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো উন্নতকরণ এবং প্রকল্পসমূহের বাস্তবায়ন বিশেষত ক্রয় প্রক্রিয়া ও সেফগার্ড বিষয়ে বাংলাদেশ রেলওয়েকে সহযোগিতা প্রদান করা। এছাড়াও, Climate Mitigation Funding Component এর অধীন Nationally Appropriate Mitigatoion Actions (NAMA) প্রস্তাবনা প্রস্তুত ও জাতিসংঘের United Nations Framework Convention on Climate Change (UNFCC) এর সাথে নিবন্ধিতকরণের নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়।

**খ) প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে):**

- অধিকতর দক্ষতার সাথে প্রকল্প বাস্তবায়নের জন্য সংস্থার মানবসম্পদ ও কাঠামোগত উন্নয়ন ও ক্ষমতা অর্পণ;

- বাংলাদেশ রেলওয়ের জন্য নতুন প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দিষ্ট ক্ষেত্রে যেমন ক্রয় প্রক্রিয়া এবং সুরক্ষা কর্মসূচি প্রবর্তন ও প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- বাংলাদেশের জন্য United Nations Framework Convention on Climate Change (UNFCCC) সঙ্গে আন্তর্জাতিক জলবায়ু তহবিল বা বাণিজ্য কার্বন ক্রেডিট বা সহায়তা অন্যান্য উপায় অন্বেষণের জন্য Nationally Appropriate Mitigatoion Actions (NAMA) রিপোর্ট প্রস্তুত এবং নিবন্ধনকরণ; এবং
- NAMA এর অধীনে প্রয়োজনীয় নজরদারি কার্যক্রম চালিয়ে যাওয়া এবং প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য বাংলাদেশ রেলওয়ে এবং সিসিডি এর ক্ষমতা গড়ে তোলা।

**গ) প্রকল্পের প্রধান কার্যক্রম:**

**১)** প্রকল্প বাস্তবায়নের জন্য সংস্থার মানবসম্পদ ও কাঠামোর উন্নয়ন, ক্ষমতা অর্পণ;

২) প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দিষ্ট ক্ষেত্রে যেমন সংগ্রহ প্রক্রিয়া এবং সুরক্ষা কর্মসূচি প্রবর্তন ও প্রশিক্ষণের ব্যবস্থা;

৩) UNFCCC সঙ্গে আন্তর্জাতিক জলবায়ু তহবিল বা বাণিজ্য কার্বন ক্রেডিট বা সহায়তা অন্যান্য উপায় অন্বেষণের জন্য NAMA রিপোর্ট প্রস্তুত এবং নিবন্ধন।

## খ. প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:

৮। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

| কোড নং | অনুমোদিত অংগের নাম | একক | সর্বশেষ অনুমোদিত টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | পরামর্শ সেবা | থোক | | ৭৭৮.০০ | | ৫৫২.২৯ (৮০%) |
| ২। | অফিস ষ্টেশনারীজ ও অন্যান্য কনজ্যুমাবেলস | থোক | | ৮.০০ | | ০.০০ |
| ৩। | **বিবিধ** | থোক | | ৪.০০ | ০.০০ | ০.০০ |
| | **সর্বমোট** | | | **৭৯০.০০** | ০.০০ | **৫৫২.২৯** |

**০৯। অর্থবছর ভিত্তিক টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি | আরএডিপি বরাদ্দ | অর্থছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২০১৫-১৬ | ৮২.০০ | ১.০০ | ১.০০ | প্রযোজ্য নয় | **৫৫২.২৯** |
| ২০১৬-১৭ | ৩০৩.০০ | ২০৮.০০ | ২০৮.০০ | প্রযোজ্য নয় | |
| ২০১৭-১৮ | ৩০৪.০০ | ২৪৭.০০ | ২৪৭.০০ | প্রযোজ্য নয় | |
| ২০১৮-১৯ | ১০১.০০ | ৩৭২.০০ | ৩৭২.০০ | প্রযোজ্য নয় | |
| ২০১৯-২০ | ০.০০ | ১২১.০০ | ১২১.০০ | প্রযোজ্য নয় | |
| **সর্বমোট** | **৭৯০.০০** | | | প্রযোজ্য নয় | |

**১০।** (ক) টিএপিপি'তে অনুমোদিত মোট প্যাকেজ সংখ্যা: ৩টি (পণ্য ১টি, সেবা ২ টি)।

(খ) **সেবা ক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য (প্যাকেজভিত্তিক):** (লক্ষ টাকায়)

| প্যাকেজ নং | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | | ক্রয় পদ্ধতি | | অনুমোদনকারী কর্তৃপক্ষ | | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | | কাজ সমাপ্তির তারিখ | | ১.চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | টিপিপি অনুযায়ী | প্রকৃত | টিপিপি অনুযায়ী | প্রকৃত | টিপিপি অনুযায়ী | প্রকৃত | টিপিপি অনুযায়ী | প্রকৃত | চুক্তি অনুযায়ী | প্রকৃত | ২.চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান সর্বনিম্ন দরদাতা কিনা? | সময় বৃদ্ধির কারণ |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* | *(৮)* | *(৯)* | *(১০)* | *(১১)* | *(১২)* | *(১৩)* |
| SD1: 3 (three) individual Consultants' Services for Capacity Development for Project implementation | দরপত্র আহ্বানের তারিখ: ০১.০৯.২০১৫<br>প্রাক্কলিত মূল্য: ২৭২.৩০ | EOI আহ্বানের তারিখ: 01-09-2015<br>প্রাক্কলিত মূল্য: ৪৬৬.৮০ | Individual consulting services (ICS) following ADB's guideline on the use of Consultants [To be recruited and administered by ADB] | Individual consulting services (ICS) following ADB's guideline on the use of Consultants [To be recruited and administered by ADB] | CCGP | CCGP | ০১-১০-২০১৫<br>২৭২.৩০ | ১২-১০-২০১৫<br>-- | ৩০-০৬-২০২০ | ৩০-০৬-২০২০ | চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের নামঃ গুটার কনসালটিং এজি। | - |
| SD2: Consultancy services of an International consulting firm for capacity development for climate mitigation funding component | দরপত্র আহ্বানের তারিখ: ০১.০৮.২০১৫<br>প্রাক্কলিত মূল্য: ১৯৪.৫০ | EOI আহ্বানের তারিখ: ০১.০৮.২০১৫<br>প্রাক্কলিত মূল্য: ৩১১.২০ | ICB (QCBS, 90:10) Following ADB guidelines on the use of consulta | ICB (QCBS, 90:10) Following ADB guidelines on the use of consultants [To be | CCGP | CCGP | ০১-১১-২০১৫<br>১৯৪.৫০ | ০১-১১-২০১৫<br>-- | ৩০-০৬-২০২০ | ৩০-০৬-২০২০ | - | - |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | nts (To be recruited and administered by ADB | recruited and administered by ADB | | | | | | | | |

- এসডি-১ ও এসডি-২ এর আওতায় ব্যক্তি পরামর্শক ও পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে কত টাকার চুক্তি হয়েছে অথবা কত টাকা ব্যয় হয়েছে এ সংক্রান্ত কোন তথ্য প্রকল্প অফিস হতে পাওয়া যায়নি। পরামর্শক ও পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়টি এডিবি কর্তৃক বাস্তবায়িত হলেও এ সংক্রান্ত ব্যয়ের তথ্য প্রকল্প অফিসে থাকা একান্ত আবশ্যক।

## ১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর নাম ও আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল (নিয়োগ হতে সর্বশেষ) তারিখ পর্যন্ত | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| জনাব সাগর কৃষ্ণ চক্রবর্তী | মহাব্যস্থাপক/প্রকল্প পরিচালক | ২৩-১২-২০১৪ হতে ২১-০৯-২০১৫ | অতিরিক্ত | হ্যাঁ | |
| জনাব মোঃ লিয়াকত আলী | মহাব্যস্থাপক/প্রকল্প পরিচালক | ২২-০৯-২০১৫ হতে ২০-০১-২০১৬ | অতিরিক্ত | হ্যাঁ | ২ |
| জনাব সাগর কৃষ্ণ চক্রবর্তী | মহাব্যস্থাপক/প্রকল্প পরিচালক | ২১-০১-২০১৬ হতে ২৯-০৮-২০১৬ | অতিরিক্ত | হ্যাঁ | ৫ |
| জনাব মোঃ মোজাম্মেল হক | মহাব্যস্থাপক/প্রকল্প পরিচালক | ০৬-০৯-২০১৬ হতে ২০-০২-২০১৮ | পূর্ণকালীন | না | - |
| জনাব ধীরেন্দ্রনাথ মজুমদার | মহাব্যস্থাপক/প্রকল্প পরিচালক | ১৮-০২-২০১৮ হতে ০৫-০৮-২০১৯ | পূর্ণকালীন | না | - |
| জনাব মোঃ আরিফুজ্জামান | প্রকল্প পরিচালক | ০৫-০৮-২০১৯ হতে ১৩-১৩-০৭-২০২০ | পূর্ণকালীন | না | - |

## ১২। অডিট সংক্রান্ত (হালনাগাদ তথ্য):

| অডিট কর্তৃপক্ষ (এক্সটারনাল/ইন্টারনাল) | অডিটের অর্থবছর | আপত্তির সংখ্যা | অডিট আপত্তির পূর্ণ শিরোনাম ও জড়িত অর্থের পরিমাণ | নিষ্পত্তির লক্ষ্যে গৃহিত পদক্ষেপ (সুস্পষ্ট বর্ণনা) | আপত্তি নিষ্পত্তির অবস্থা (সুস্পষ্ট বর্ণনা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৫ | ৭ |
| বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর FAPAD | ২০১৭-১৮ | ০ | ০.০০ | প্রযোজ্য | প্রযোজ্য | FAPAD অডিট দল প্রকল্পটি পরিদর্শন করেছে কিন্তু জিওবি খাতে ব্যয় না হওয়ার কারণে অডিট করা হয়নি। |

**১৩। (ক) স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:**

| সভার নাম | সময়ের ধরণ | | মোট লক্ষ্যমাত্রা | | প্রকৃত অর্জন |
|---|---|---|---|---|---|
| | | | পরিপত্র অনুযায়ী | টিএপিপি অনুযায়ী | |
| | পরিপত্র অনুযায়ী | টিএপিপি অনুযায়ী | | | |
| প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC) | প্রতি ৩ মাসে | প্রতি বছরে | ২০ | ০৫ | ১ |
| এডিপি রিভিউ সভা (ADP) | -- | -- | -- | -- | ১৫ |

**সর্বশেষ পিএসসি সভার তথ্যঃ**

| সভার তারিখ | প্রধান প্রধান সিদ্ধান্ত | সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২৬.০৬.২০১৮ | ১.প্রকল্পের আওতায় সম্পাদিত/সম্পাদিতব্য পরিবেশগত ইস্যুর ওপর সামগ্রিক দক্ষতা অর্জনের লক্ষ্যে আন্তর্জাতিক পরামর্শক-এর সমন্বয়ে মন্ত্রণালয়ে একটি Power point Presentation আয়োজন করতে হবে। উক্ত সভায় সচিব, রেলপথ মন্ত্রণালয় ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে আমন্ত্রণ জানাতে হবে;<br><br>২. বাংলাদেশ রেলওয়ে/প্রকল্প কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ইতোপূর্বে NAMA এর Concept-এর নাম পরিবেশগত ইস্যুর ওপর অনুষ্ঠিত ওয়ার্কসপের ন্যায় প্রকল্প দলিলের সংস্থানের ভিত্তিতে অনুরূপ একটি Workshop আয়োজন করতে হবে; এবং<br><br>৩. প্রকল্পটি অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে সমাপ্তির লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের বছরভিত্তিক বরাদ্দ চাহিদার প্রস্তাব প্রেরণসহ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা দাখিল করতে হবে। | ১. প্রকল্পের আওতায় সম্পাদিত/সম্পাদিতব্য পরিবেশগত ইস্যুর ওপর সামগ্রিক দক্ষতা অর্জনের লক্ষ্যে আন্তর্জাতিক পরামর্শক-এর সমন্বয়ে মন্ত্রণালয়ে একটি Power point Presentation আয়োজন করা হয়েছে।<br><br>২. বাংলাদেশ রেলওয়ে/প্রকল্প কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ইতোপূর্বে NAMA এর Concept-এর নাম পরিবেশগত ইস্যুর ওপর অনুষ্ঠিত ওয়ার্কসপের ন্যায় প্রকল্প দলিলের সংস্থানের ভিত্তিতে অনুরূপ একটি Workshop আয়োজন করা হয়েছে।<br><br>৩. প্রকল্পটি অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে সমাপ্তির লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের বছরভিত্তিক বরাদ্দ চাহিদার প্রস্তাব প্রেরণসহ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা দাখিল করা হয়েছে। |

**১৪। পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত তথ্য:** এই প্রকল্প থেকে পরামর্শদাতা রেল সেক্টরে বিভিন্ন উন্নতির ফলে কার্বন নিঃসরণ হ্রাসের পরিমাণ নির্ধারণের জন্য একটি পদ্ধতি তৈরি করে।

**১৫। ক) লগফ্রেম/ফলাফল কাঠামো অনুযায়ী প্রকল্পের অর্জনঃ**

| নং | *বর্ণনামূলক সারসংক্ষেপ* | অর্জন | *অর্জিত না হলে কারণ* |
|---|---|---|---|
| ১ | **প্রকল্পের লক্ষ্য:**<br>প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনার জন্য একটি উন্নত সংগঠন কাঠামো এবং নির্দিষ্ট এলাকায় প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশ রেলওয়ের সহায়তা, যেমন ক্রয় প্রক্রিয়া এবং সুরক্ষা বাস্তবায়ন। | প্রকল্পের লক্ষ্য অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনার জন্য একটি উন্নত সংগঠন কাঠামো এবং নির্দিষ্ট এলাকায় প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশ রেলওয়ের সহায়তা, যেমন ক্রয় প্রক্রিয়া এবং সুরক্ষা বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | - |

| | | | |
|---|---|---|---|
| ২ | **উদ্দেশ্যসমূহ:**<br>• অধিকতর প্রকল্প বাস্তবায়নের জন্য সংস্থার মানবসম্পদ ও কাঠামোর উন্নয়ন, ক্ষমতা অর্পণ।<br>• বাংলাদেশ রেলওয়ের জন্য নতুন প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দিষ্ট ক্ষেত্রে যেমন সংগ্রহ প্রক্রিয়া এবং সুরক্ষা কর্মসূচি প্রবর্তন ও প্রশিক্ষণের ব্যবস্থা করণ।<br>• বাংলাদেশের জন্য UNFCCC সঙ্গে আন্তর্জাতিক জলবায়ু তহবিল বা বাণিজ্য কার্বন ক্রেডিট বা সহায়তা অন্যান্য উপায় অন্বেষণের জন্য NAMA রিপোর্ট প্রস্তুত এবং নিবন্ধন করণ।<br>• NAMA এর অধীনে প্রয়োজনীয় নজরদারি কার্যক্রম চালিয়ে যাওয়া এবং প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য বাংলাদেশ রেলওয়ে এবং সিসিডি এর ক্ষমতা গড়ে তোলা। | • অধিকতর প্রকল্প বাস্তবায়নের জন্য সংস্থার মানবসম্পদ ও কাঠামোর উন্নয়ন, ক্ষমতা অর্পণ।<br>• বাংলাদেশ রেলওয়ের জন্য নতুন প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দিষ্ট ক্ষেত্রে যেমন সংগ্রহ প্রক্রিয়া এবং সুরক্ষা কর্মসূচি প্রবর্তন ও প্রশিক্ষণের ব্যবস্থা করণ।<br>• বাংলাদেশের জন্য UNFCCC সঙ্গে আন্তর্জাতিক জলবায়ু তহবিল বা বাণিজ্য কার্বন ক্রেডিট বা সহায়তা অন্যান্য উপায় অন্বেষণের জন্য NAMA রিপোর্ট প্রস্তুত করা হয়েছে এবং নিবন্ধন সম্পন্ন করা হয়েছে।<br>• NAMA এর অধীনে প্রয়োজনীয় নজরদারি কার্যক্রম চালিয়ে যাওয়া এবং প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য বাংলাদেশ রেলওয়ে এবং সিসিডি এর ক্ষমতা গড়ে তোলা। | - |
| ৩ | **আউটপুট:**<br>• রেল সেক্টরের জন্য খসড়া NAMA প্রস্তাব;<br>• ফসিল ফুয়েল সাবসিটি স্টাডি রিপোর্ট<br>• কনসালটেশন রিপোর্ট,<br>• NAMA ফাইন্যান্সিং প্ল্যান প্রস্তুত;<br>• চূড়ান্ত NAMA রিপোর্ট UNFCCC এর রেজিস্ট্রিভুক্তকরণ;<br>• মনিটরিং রিপোর্ট | • রেল সেক্টরের জন্য খসড়া NAMA প্রস্তাব করা হয়েছে;<br>• ফসিল ফুয়েল সাবসিটি স্টাডি রিপোর্ট, কনসালটেশন রিপোর্ট করা হয়েছে।<br>• NAMA ফাইন্যান্সিং প্ল্যান প্রস্তুত করা হয়েছে;<br>• চূড়ান্ত NAMA রিপোর্ট UNFCCC এর রেজিস্ট্রিভুক্তকরণ সম্পন্ন হয়েছে;<br>• মনিটরিং রিপোর্ট সম্পন্ন হয়েছে। | - |

**খ) প্রধান কার্যক্রমের বিপরীতে অর্জন (অনুচ্ছেদ ৭(গ) অনুযায়ী/প্যাকেজ ভিত্তিক):**

প্রকল্পের কার্যক্রম বৈদেশিক অনুদানে ০২টি কম্পোনেন্টের মাধ্যমে বাস্তবায়িত হয়। ১ম কম্পোনেন্ট হলো "Project Implementation Component", যা এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অর্থায়নে ৪৬৬.৮০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নযোগ্য। ২য় কম্পোনেন্ট হলো "Claimate Mitigation Funding Component", যা নরডিক ডেভেলপমেন্ট ফান্ড (এনডিএফ) অর্থায়নে ৩১১.২০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নযোগ্য। কম্পোনেন্টভিত্তিক বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

(১) কম্পোনেন্ট-১ (Project Implementation, এডিবি অর্থায়ন ৪৬৬.৮০ লক্ষ টাকা): এ কম্পোনেন্টের কয়েকটি সাব-কম্পোনেন্ট রয়েছে, যেমন- ইন্টারন্যাশনাল (০২জন) এন্ড ন্যাশনাল (০১ জন) কনসালটেন্ট নিয়োগ, ইন্টারন্যাশনাল এন্ড ন্যাশনাল ট্রাভেল, রিপোর্টস এন্ড কমিউনিকেশনস, ইকুইপমেন্ট, ট্রেনিং, সেমিনার এন্ড কনফারেন্স এবং প্রভিশনাল সাম ফর কনটিনজেন্সি । পরামর্শক নিয়োগ কম্পোনেন্টে ০২জন আন্তর্জাতিক ও ০১জন জাতীয় পরামর্শকের সংস্থান থাকলেও প্রয়োজনের নিরীখে এসডি-১ প্যাকেজের আওতায় ০১ জন আন্তর্জাতিক ও ০৮ জন জাতীয় পরামর্শক, মোট ০৯ জন পরামর্শক এডিবি-এর তত্ত্বাবধানে নিয়োগ প্রদান করা হয়। পরামর্শকগণ বাংলাদেশ রেলওয়ের চলমান প্রকল্পসমূহ যথাক্রমে "আখাউড়া-লাখসাম ডাবল ট্রাক প্রকল্প" এবং "কক্সবাজার হতে রামু ও রামু হতে মায়ানমারের নিকটবর্তী গুনদুম পর্যন্ত ডুয়েল গেজ প্রকল্পসহ" চলমান অন্যান্য প্রকল্পে দক্ষতা ও সাংগঠনিক ক্ষমতা বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো উন্নতকরণ এবং প্রকল্পসমূহের বাস্তবায়ন বিশেষ করে ক্রয় প্রক্রিয়া ও সেফগার্ড বিষয়ে বাংলাদেশ রেলওয়েকে সহযোগিতা প্রদান করেন। পরামর্শকের জন্য ২৭২.৩০ লক্ষ টাকার সংস্থান থাকলেও

(টিএপিপি পৃষ্ঠা-২৪) প্রকৃতপক্ষে পরামর্শক নিয়োগে কত টাকা ব্যয় হয়েছে তার তথ্য প্রকল্প অফিস থেকে পাওয়া যায়নি। উল্লেখ্য, প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্স খাতে ২৩.৩৪ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও (টিএপিপি পৃষ্ঠা-২৪) কোন প্রশিক্ষণ, সেমিনার বা কনফারেন্স অনুষ্ঠিত হয়নি। এছাড়া, উল্লিখিত অন্যান্য সাব-কম্পোনেন্টের আওতায় প্রকৃতপক্ষে কোন অর্থ ব্যয় হয়েছে কিনা, ব্যয় হয়ে থাকলে কত টাকা ব্যয় হয়েছে সে সম্পর্কেও প্রকল্প অফিস থেকে কোন তথ্য পাওয়া যায়নি। প্রকল্পের আর্থিক বিষয়াদি এডিবি কর্তৃক সম্পন্ন হলেও উল্লিখিত বিষয়ের সকল তথ্য প্রমাণাদি এডিবি-এর পাশাপাশি প্রকল্প অফিসে থাকাও সমীচীন ছিল। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য প্রমাণাদি প্রকল্প অফিসে না থাকার বিষয়টি প্রকল্প পরিচালক/প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের অদক্ষতার পরিচয় বহন করে।

(২) কম্পোনেন্ট-২ (Claimate Mitigation Funding, এনডিএফ অর্থায়ন: ৩১১.২০ লক্ষ টাক): এ কম্পোনেন্টের জন্য Nationally Appropriate Mitigatoion Actions (NAMA) প্রস্তাবনা প্রস্তুত ও জাতিসংঘের United Nation Framework Convention on Climate Change (UNFCCC) এর সাথে নিবন্ধিতকরণ, Green Climate Fund (GCF) নিশ্চিতকণ কার্যক্রমের সংস্থান থাকায় এসডি-০২ প্যাকেজের আওতায় গুটার কনসালটিং এজি পরামর্শ প্রতিষ্ঠানকে এডিবি-এর তত্ত্বধানে নির্বাচন করা হয়। সংস্থান অনুযায়ী উক্ত পরামর্শক প্রতিষ্ঠানে ০২ জন আন্তর্জাতিক ও ০১ জন জাতীয় পরামর্শক নিয়োজিত ছিল। ToR ও চাহিদা অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান Fossil Fuel Reform Study, Draft NAMA, Final NAMA, NAMA Registration Document, NAMA Finance Options, Concept Note for GCF based on rolling stock, NAMA Monitoring Manual, NAMA Monitoring Report, Concept Note for GCF based on Tongi-Akhaura line সংক্রান্ত রিপোর্ট প্রদান করেছে। UNFCCC সঙ্গে আন্তর্জাতিক জলবায়ু তহবিল বা বাণিজ্য কার্বন ক্রেডিট বা সহায়তা অন্যান্য উপায় অন্বেষণের জন্য NAMA রিপোর্ট পরিবেশ ও বন মন্ত্রণালয়ে এডিবি কর্তৃক দাখিল করা হয়। দাখিলকৃত রিপোর্ট পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক UNFCCC এ রেজিস্ট্রেশনভুক্ত এবং UNFCCC এর ওয়েব সাইডে প্রকাশ করা হয়েছে মর্মে পরিবেশ ও বন মন্ত্ররালয় গত ২১ আগস্ট ২০১৯ তারিখে জানানো হয়।

কম্পোনেন্ট ০১ এর ন্যায় এই কম্পোনেন্টেও কয়েকটি সাব-কম্পোনেন্ট রয়েছে, যেমন- ইন্টারন্যাশনাল এন্ড ন্যাশনাল ট্রাভেল, রিপোর্টস এন্ড কমিউনিকেশনস, ইকুইপমেন্ট, ট্রেনিং, সেমিনার এন্ড কনফারেন্স, প্রভিশনাল সাম ফর কনটিনজেন্সি এবং এবিডি এডমিনিস্ট্রেশন ফি। প্রশিক্ষণ, সেমিনার কম্পোনেন্টের অওতায় NAMA বিষয়ের ওপর গত ০৪/১০/২০১৬ তারিখে একটি ওয়ার্ককশপ এবং গত ২০-১১-২০১৭ তারিখে নির্দিষ্ট ক্ষেত্রে যেমন ক্রয় প্রক্রিয়া এবং সুরক্ষা কর্মসূচি প্রবর্তন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হলেও সংস্থানকৃত ২৩.৩৪ লক্ষ টাকার অনুকূলে কত টাকা ব্যয় হয়ছে তার হিসেব প্রকল্প অফিস থেকে পাওয়া যায়নি। এছাড়া, উল্লিখিত অন্যান্য সাব-কম্পোনেন্ট খাতে প্রকৃতপক্ষে ব্যয় হয়েছে কিনা বা হয়ে থাকলে কত টাকা ব্যয় হয়েছে তার তথ্যও প্রকল্প অফিস থেকে পাওয়া যায়নি। প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে, যাতে বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ অংশ গ্রহণ করেন। এ কম্পোনেন্টের ক্ষেত্রেও বলা যায়, প্রকল্পের আর্থিক বিষয়াদি এডিবি কর্তৃক সম্পন্ন হলেও উল্লিখিত বিষয়ের সকল তথ্য প্রমাণাদি এডিবি-এর পাশাপাশি প্রকল্প অফিসে থাকাও সমীচীন ছিল। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য প্রমাণাদি প্রকল্প অফিসে না থাকার বিষয়টি প্রকল্প পরিচালক/প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের অদক্ষতার পরিচয় বহন করে।

**১৬। প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয় পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) (Time & Cost Over-run) হওয়ার কারণ (প্রযোজ্য ক্ষেত্রে):**

প্রকল্পের পরামর্শক কর্তৃক কিছু গুরুত্বপূর্ণ রিপোর্ট দাখিলের নিমিত্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হওয়ায় ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয়।

**১৭। সার্বিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

১৭.১। **টিএপিপি পর্যালোচনা ও পর্যবেক্ষণ** (অনুমোদন, সংশোধন ও মেয়াদবৃদ্ধি)**:**

"প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ রেলওয়ের দক্ষতা উন্নয়নের জন্য কারিগরি সহায়তা"-শীর্ষক প্রকল্পটি মোট ৭৯০.০০ লক্ষ টাকা (বৈদেশিক অনুদান ৭৭৮.০০ লক্ষ টাকা ও জিওবি ১২.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৫ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০-১০-২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক

অনুমোদিত হয়। প্রকল্পের পরামর্শক কর্তৃক কিছু গুরুত্বপূর্ণ রিপোর্ট দাখিলের জন্য প্রকল্পের মেয়াদবৃদ্ধির প্রয়োজন হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করে প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৫ হতে জুন ২০২০ নির্ধারণ করা হয়।

১৭.২। **প্রকল্পের আর্থিক অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৯০.০০ লক্ষ টাকার মধ্যে বৈদেশিক অনুদান ৭৭৮.০০ লক্ষ টাকা ও জিওবি ১২.০০ লক্ষ টাকা। প্রয়োজন না হওয়ায় জিওবি অংশে অফিস স্টেশনারী ও অন্যান্য বাবহারিক সামগ্রী সংগ্রহ এবং বিবিধ খাতে কোন অর্থ ব্যয় হয়নি। অনুদান অংশের ৭৭৮.০০ লক্ষ টাকার মধ্যে ৫৫২.২৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। সার্বিকভাবে অনুদান অংশের ব্যয়ই প্রকল্পের সর্বমোট ব্যয়, যা শতকরা ৭০%।

১৭.৩। **অডিট সম্পাদন সংক্রান্ত পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

FAPAD অডিট দল প্রকল্পটি পরিদর্শন করেছে কিন্তু জিওবি খাতে ব্যয় না হওয়ার কারণে অডিট করা হয়নি।

১৭.৪। **সার্বিক কর্মপরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

প্রকল্পটিতে বৈদেশিক অনুদান অংশে ০২টি কম্পোনেন্ট রয়েছে। একটি হলো "Project Implementation Component" যার অধীন বাংলাদেশ রেলওয়ের চলমান প্রকল্পসমূহ যথাক্রমে "আখাউড়া-লাখসাম ডাবল ট্রাক প্রকল্প" এবং "কক্সবাজার হতে রামু ও রামু হতে মায়ানমারের নিকটবর্তী গুনদুম পর্যন্ত ডুয়েল গেজ প্রকল্পসহ" চলমান অন্যান্য প্রকল্পে দক্ষতা ও সাংগঠনিক ক্ষমতা বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো উন্নতকরণ এবং প্রকল্পসমূহের বাস্তবায়ন বিশেষ করে ক্রয় প্রক্রিয়া ও সেফগার্ড বিষয়ে বাংলাদেশ রেলওয়েকে সহযোগিতা প্রদান করা। টিএপিপির কর্মপরিকল্পনা অনুযায়ী উল্লিখিত কাজের জন্য ব্যক্তি পরামর্শক নিয়োগ করে ৩০-০৬-২০১৯ এর মধ্যে কর্ম সম্পাদনের সংস্থান ছিল। অপরটি হচ্ছে "Claimate Mitigation Funding Component" যার অধীন Nationally Appropriate Mitigatoion Actions (NAMA) প্রস্তাবনা প্রস্তুত ও জাতিসংঘের United Nation Framework Convention on Climate Change (UNFCCC) এর সাথে নিবন্ধিতকরণ, Green Climate Fund (GCF) নিশ্চিতকণ। টিএপিপির কর্মপরিকল্পনা অনুযায়ী এ কাজের জন্যও ৩০-০৬-২০১৯ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু পরামর্শক কর্তৃক কিছু গুরুত্বপূর্ণ রিপোর্ট দাখিলের জন্য প্রকল্পের মেয়াদবৃদ্ধির প্রয়োজন হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করে কম্পোন্ট দুটি সম্পন্ন করা হয়েছে।

১৭.৫। **সার্বিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

(ক) টিএপিপি অনুযায়ী প্রকল্পের বৈদেশিক অনুদান অংশের "Project Implementation Component" এর আওতায় ০১জন আন্তর্জাতিক প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, ০১ জন আন্তর্জাতিক প্রোকিউরমেন্ট এডভাইজর ও ০১ জন জাতীয় সেফগার্ড ইমপ্লিমেন্টেশন এক্সপার্টসহ মোট ০৩জন পরামর্শক নিয়োগের সংস্থান থাকলেও প্রকৃতপক্ষে ০১জন আন্তর্জাতিক পরামর্শকসহ মোট ০৯ জন পরামর্শক নিয়োগ করা হয়। সংস্থান অনুযায়ী ০৩জন পরামর্শকের স্থলে ০৯ জন পরামর্শনের বিষয়ে প্রকল্প অফিস হতে জানা যায় প্রয়োজনের নিরীখে ০৯ জন পরামর্শক নিয়োগ করা হয়েছে। পরামর্শক নিয়োগের বিষয়টি সম্পূর্ণভাবে এডিবি'র তত্ত্বাবধানে সম্পন্ন হয়েছে।

(খ) টিএপিপি'র সংস্থান অনুযায়ী বৈদেশিক অনুদান অংশের "Claimate Mitigation Funding Component" এর আওতায় এডিবি-এর তত্বধানে আন্তর্জাতিক পরামর্শক ফার্ম নিয়োগ করা হয়। সংস্থান অনুযায়ী উক্ত ফার্মে ০২জন আন্তর্জাতিক পরামর্শক ও ০১জন জাতীয় পরামর্শক সংযুক্ত ছিল।

১৭.৬। **প্রকল্পের দাপ্তরিক মনিটরিং সংক্রান্ত পর্যালোচনা:**

প্রকল্পটি এডিবি'র গ্রান্টভুক্ত হওয়ায় এডিবি'র তত্বাবধানে পরামর্শক সেবা ক্রয় করা হয়। ToR ও এডিবির গাইড লাইন অনুযায়ী ব্যক্তি পরামর্শক ও পরামর্শ প্রতিষ্ঠান কার্য সম্পাদন করে।

১৭.৭। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যবেক্ষণ:**

প্রকল্পের বৈদেশিক অনুদান অংশের ০২টি কম্পোনেন্টের মধ্যে Project Implementation Componentটি এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) অর্থায়ন ৪৬৬.৮০ লক্ষ টাকায় এবং Climate Mitigation Funding Componentটি নরডিক ডেভেলপমেন্ট ফান্ড (এনডিএফ) অর্থায়ন ৩১১.২০ লক্ষ টাকাসহ সর্বমোট ৭৭৮.০০ লক্ষ টাকায় (১০০ মিলিয়ন মার্কিন ডলার) বাস্তবায়নের সংস্থান থাকলেও কম্পোনেন্ট দুটিতে ব্যয় হয়েছে ৫৫২.২৯ লক্ষ টাকা। কম্পোনেন্ট ০২টি বাস্তব অগ্রগতি শতভাগ সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হলেও আর্থিক অগ্রগতি ৭১%। জিওবি

অংশে অফিস স্টেশনারী ও অন্যান্য ব্যবহারিক সামগ্রী সংগ্রহ এবং বিবিধ খাতে বরাদ্দ ১২.০০ টাকা প্রয়োজন না হওয়ায় ব্যয় হয়নি।

১৭.৮। **গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):**

| | | |
|---|---|---|
| *) ভৌত কার্যের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের ল্যাব থেকে টেস্ট করানো হয়েছে- | | প্রযোজ্য নয়। |
| *) টেস্ট অনুযায়ী মানসম্মত দ্রব্যাদি ব্যবহার করা হয়েছে কিনা? | - | প্রযোজ্য নয়। |
| *) পরিদর্শনকালীন টেস্টের বিষয়ে পর্যবেক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | - | প্রযোজ্য নয়। |
| *) ক্রয়কৃত পন্যের মান ও যথাযথ উপযোগীতা বিষয়ে পর্যবেক্ষণ | - | প্রযোজ্য নয়। |

***) সংগৃহীত সেবার (প্রতিবেদন/ষ্টাডি/তথ্যপ্রযুক্তি সিষ্টেম) মান ও যথাযথ উপযোগীতা বিষয়ে পর্যবেক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে):**

বৈদেশিক অনুদান অংশের ০২টি কম্পোনেন্ট (১) Project Implementation Component এবং (২) Climate Mitigation Funding Component এর আওতায় ব্যক্তি পরামর্শক ও পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে সেবা সংগৃহীত হয়। ব্যক্তি পরামর্শক বাংলাদেশ রেলওয়ের চলমান প্রকল্পসমূহ যথাক্রমে "আখাউড়া-লাখসাম ডাবল ট্রাক প্রকল্প" এবং "কক্সবাজার হতে রামু ও রামু হতে মায়ানমারের নিকটবর্তী গুনদুম পর্যন্ত ডুয়েল গেজ প্রকল্পসহ" চলমান অন্যান্য প্রকল্পে দক্ষতা ও সাংগঠনিক ক্ষমতা বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো উন্নতকরণ এবং প্রকল্পসমূহের বাস্তবায়ন বিশেষ করে ক্রয় প্রক্রিয়া ও সেফগার্ড বিষয়ে বাংলাদেশ রেলওয়েকে পরামর্শ প্রদান করেন। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Nationally Appropriate Mitigatoion Actions (NAMA) প্রস্তাবনা প্রস্তুত ও জাতিসংঘের United Nation Framework Convention on Climate Change (UNFCCC) এর সাথে নিবন্ধিতকরণ কার্যক্রম সম্পন্ন হয়। উল্লেখ্য চূড়ান্ত NAMA প্রস্তুতের পূর্বে বেশ কিছু খসড়া রিপোর্ট যথাযথ মান ও উপযোগীতা বজায় রেখে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন হয় বলে প্রতীয়মান হয়।

*** প্রশিক্ষণ কার্যক্রমের মান ও যথাযথ উপযোগীতা (চাহিদা যাচাই, মডিউলের মান ও যথার্থতা, প্রশিক্ষনার্থী নির্বাচন, প্রশিক্ষনার্থীদের মূল্যায়ন, প্রশিক্ষনার্থী কর্তৃক কোর্স মূল্যায়ন, অনলাইন সেলফ-লারনিং এর সুযোগ, প্রশিক্ষনার্থী তথ্যভান্ডার ইত্যাদি) বিষয়ে পর্যবেক্ষণ :**

- বৈদেশিক অনুদান অংশের ০২টি কম্পোনেন্ট (১) Project Implementation Component এবং (২) Climate Mitigation Funding Component এর আওতায় প্রশিক্ষণের সংস্থান ছিল। Climate Mitigation Funding Component এর আওতায় Training Workshop on Data Collection, analysis and estimation of GHG emissions and emission reductions from Railway sector activities গত ২০-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রেলওয়ের বিভিন্ন পর্যায়র কর্মকর্তাগণ অংশ গ্রহণ করেন (সংযুক্তি- )। এছাড়া, NAMA ওপর গত ৪ অক্টোবর ২০১৬ তারিখে একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। Climate Mitigation Funding Component এর আওতায় Training Workshop বাবদ ২৩.৩৪ লক্ষ টাকা বরাদ্দের সংস্থান ছিল। উল্লিখিত প্রশিক্ষণ ও ওয়ার্কশপ বাবদ কত টাকা খরচ হয়েছে তার হিসেব প্রকল্প অফিস থেকে পাওয়া যায়নি। চাহিদা যাচাই, মডিউলের মান ও যথার্থতা, প্রশিক্ষনার্থী নির্বাচন, প্রশিক্ষনার্থীদের মূল্যায়ন, প্রশিক্ষনার্থী কর্তৃক কোর্স মূল্যায়ন ইত্যাদির তথ্যও প্রকল্প অফিস থেকে সংগ্রহ সম্ভব হয়নি।

- Project Implementation Component- এর আওতায় প্রশিক্ষণ ও ওয়ার্কশপের সংস্থান ছিল এবং এ জন্য ২৩.৩৪ লক্ষ টাকার সংস্থান ছিল। কিন্তু এ কম্পোনেন্ট থেকে কোন প্রকার প্রশিক্ষণ প্রদান বা ওয়ার্কশপ করা হয়নি। ফলে প্রশিক্ষণ ও ওয়ার্কশপ বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয় হয়নি। ফলে অনুদানের অর্থ পুরোপুরি ব্যয় করা সম্ভব হয়নি, যা কাম্য নয়।

১৭.৯। **সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):**

উল্লিখিত প্রকল্পের পরামর্শকগণ বাংলাদেশ রেলওয়ের চলমান প্রকল্পসমূহ যথাক্রমে "আখাউড়া-লাখসাম ডাবল ট্রাক প্রকল্প" এবং "কক্সবাজার হতে রামু ও রামু হতে মায়ানমারের নিকটবর্তী গুনদুম পর্যন্ত ডুয়েল গেজ প্রকল্পসহ" চলমান অন্যান্য প্রকল্পে দক্ষতা ও সাংগঠনিক ক্ষমতা বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো উন্নতকরণ এবং প্রকল্পসমূহের বাস্তবায়ন বিশেষ করে ক্রয় প্রক্রিয়া ও সেফগার্ড বিষয়ে বাংলাদেশ রেলওয়েকে পরামর্শ প্রদান করে উপকৃত করেছে বলে রেলওয়েরর কর্মকর্তাগণ মতামত প্রদান করেছেন।

১৮। **প্রকল্প বাস্তবায়ন প্রলম্বিত হওয়া (Time Over-run) বিষয়ক পর্যবেক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে):**
প্রকল্পের পরামর্শক কর্তৃক কিছু গুরুত্বপূর্ণ রিপোর্ট দাখিলের নিমিত্ত প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর বৃদ্ধি করা হয়।

১৯। **প্রকল্পের ব্যয় পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) (Cost Over-run) হওয়া বিষয়ক পর্যবেক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে):**
প্রকল্পের ব্যয় পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) হয়নি। তবে প্রকল্প সাহায্য (গ্রান্ট) ৭৭৮.০০ লক্ষ টাকার মধ্যে ৫৫২.২৯ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে। প্রয়োজন না হওয়ায় জিওবি হাতের ১২.০০ লক্ষ টাকাও বায় হয়নি।

২০। **বাস্তবায়ন দক্ষতা পর্যালোচনা ও মূল্যায়ন:**

| নং | দক্ষতা নির্দেশক | প্রকল্প কর্তৃপক্ষের নিজস্ব | | আইএমইডি'র | |
|---|---|---|---|---|---|
| | | মূল্যায়ন | যৌক্তিকতা | মূল্যায়ন | মন্তব্য |
| ১ | প্রকল্প দলিল অনুযায়ী বাস্তবায়ন হলে বা প্রয়োজন হলে দ্রুত সংশোধনপূর্বক বাস্তবায়ন | ৫ | প্রকল্পটি প্রকল্প দলিল অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে। | ৫ | প্রকল্প দলিল অনুযায়ী বাস্তবায়ন সম্ভব হয়নি। ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। |
| ২ | আর্থিক ব্যবস্থাপনা ও শৃংখলা রক্ষা এবং নির্ধারিত ব্যয় অনুযায়ী বাস্তবায়ন | ৫ | আর্থিক ব্যবস্থাপনা ও শৃংখলা রক্ষাপূর্বক নির্ধারিত ব্যয় অনুযায়ী বাস্তবায়ন করা । | ৪ | নির্ধারিত বরাদ্দ অনুযায়ী বাস্তবায়ন সম্ভব হয়নি। সেবা প্রদানের সুযোগ থাকা সত্বেও বরাদ্দের চেয়ে কম ব্যয় করা হয়েছে। |
| ৩ | কর্মপরিকল্পনা প্রণয়ন ও সময়ানুযায়ী বাস্তবায়ন | ৪ | প্রকল্পটি টিএপিপি'র অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রণয়ন করা হয়েছিল কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে এর বাস্তবায়নকাল ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়। | ৪ | ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০১বছর মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। |
| ৪ | ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | ৫ | বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কিন্তু জিওবি অংশ হতে কোন অর্থ ব্যয় করা হয়নি। শুধুমাত্র এডিবি'র মাধ্যমে পরামর্শক সেবা অংশটি'র বাস্তবায়ন ও ব্যয় নির্বাহ করা হয়েছে। | ৪ | সংস্থান অনুযায়ী ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়নি । |
| ৫ | অভ্যন্তরীন পরিবীক্ষণ | ৫ | বিভিন্ন সময়ে এডিবি কর্তৃক পরিচালিত মিশন এর মাধ্যমে পরিবীক্ষণ করা হয়েছে। | ৫ | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন সঠিক বলে প্রতীয়মান। |
| ৬ | অর্থছাড় ও ব্যবহার | ৫ | অর্থছাড় ও ব্যবহারের ক্ষেত্রে প্রকল্প দপ্তর কর্তৃক সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়েছে। | ৪ | কোন খাতে কত টাকা ব্যয় হয়েছে প্রকল্প অফিস থেকে তার তথ্য পাওয়া যায়নি। |
| ৭ | চুক্তি ব্যবস্থাপনা | ৫ | প্রকল্পের আওতায় সম্পাদিত চুক্তিসমূহ উন্নয়ন সহযোগি সংস্থা এডিবি কর্তৃক পরিচালনা করা হয়েছে। | ৪ | চুক্তি মোতাবেক কার্য সম্পাদন হয়েছে কিনা তার প্রমাণক প্রকল্প অফিস থেকে পাওয়া যায়নি। |
| ৮ | পণ্য/কার্য/সেবার গুণগতমান নিশ্চিতকরণ | ৫ | পরামর্শক সেবার গুনগতমান বজায় রেখে এডিবি কর্তৃক সম্পাদিত হয়েছে। | ৫ | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন যৌক্তিক বলে প্রতীয়মান। |

| নং | দক্ষতা নির্দেশক | প্রকল্প কর্তৃপক্ষের নিজস্ব | | আইএমইডি'র | |
|---|---|---|---|---|---|
| | | মূল্যায়ন | যৌক্তিকতা | মূল্যায়ন | মন্তব্য |
| ৯ | চ্যালেঞ্জ ও ঝুঁকি আগাম চিহ্নিতকরণ ও ব্যাবস্থাপনা | ৪ | বৈশ্বিক অতিমারী Covid-19 এর কারণে প্রকল্পটি বাস্তবায়ন চ্যালেঞ্জের সন্মুখিন হয় যা সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্পটি সমাপ্ত করা হয়। | ৪ | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন যৌক্তিক বলে প্রতীয়মান। |
| ১০ | সার্বিক ব্যবস্থাপনা | ৪ | প্রকল্প পরিচালক কর্তৃক বাস্তবায়িত হয়েছে এবং এডিবি কর্তৃক আর্থিক ব্যবস্থাপনায় সম্পাদিত হয়েছে। | ৪ | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন যৌক্তিক বলে প্রতীয়মান। |
| | মোট প্রাপ্ত নম্বর (৬০ এর মধ্যে) | **৪৭** | | **৪৩** | |

(নম্বর বিভাজনঃ অত্যন্ত সন্তোষজনক-৬/ সন্তোষজনক-৫/ মোটামুটি সন্তোষজনক-৪/ মোটামুটি অসন্তোষজনক-৩/ অসন্তোষজনক-২/ অত্যন্ত অসন্তোষজনক-১ )

**২১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন মূল্যায়ন (অনুচ্ছেদ ১৭ এর আলোকে):**

| নং | নির্দেশক | প্রকল্প কর্তৃপক্ষের নিজস্ব | | আইএমইডি'র | |
|---|---|---|---|---|---|
| | | মূল্যায়ন | যৌক্তিকতা | মূল্যায়ন | মন্তব্য |
| **১** | প্রকল্পের লক্ষ্য অর্জন | ৮ | প্রকল্পের লক্ষ্য অনুযায়ী UNFCCC সঙ্গে আন্তর্জাতিক জলবায়ু তহবিল বা বাণিজ্য কার্বন ক্রেডিট বা সহায়তা অন্যান্য উপায় অন্বেষণের জন্য NAMA রিপোর্ট প্রস্তুত করা হয়েছে এবং নিবন্ধন সম্পন্ন করা হয়েছে। | ৮ | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন যৌক্তিক বলে প্রতীয়মান। |
| **২** | প্রকল্পের উদ্দেশ্য অর্জন | **৮** | প্রকল্পের সিংহভাগ উদ্দেশ্য সফলতার সহিত অর্জিত হয়েছে। | **৫** | প্রশিক্ষণের সংস্থান থাকলেও প্রশিক্ষণ দেয়া হয়নি। ফলে অনুদানের অর্থ পুরোপুরি ব্যয় করা সম্ভব হয়নি। |
| **৩** | আউটপুট অর্জন | **৮** | প্রকল্পের কাঙ্খিত আউটপুট অর্জিত হয়েছে। | **৮** | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন যৌক্তিক বলে প্রতীয়মান। |
| **৪** | ঈপ্সিত গুণগত মান অনুযায়ী প্রধান কার্যক্রম অর্জন | **৬** | ঈপ্সিত গুণগতমান অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনাকে উন্নত করার জন্য সাংগঠনিক কাঠামোর উন্নয়নের প্রধান কার্যক্রম অর্জিত হয়েছে। | **৬** | প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন যৌক্তিক বলে প্রতীয়মান। |
| | মোট প্রাপ্ত নম্বর (৪০ এর মধ্যে) | **৩০** | - | **২৭** | |

- (নম্বর বিভাজনঃ অত্যন্ত সন্তোষজনক-১০/ সন্তোষজনক-৮/ মোটামুটি সন্তোষজনক-৬/ মোটামুটি অসন্তোষজনক-৪/ অসন্তোষজনক-২/ অত্যন্ত অসন্তোষজনক-১)

**২২। সার্বিক মূল্যায়ন (অনুচ্ছেদ ২২ এবং ২৩ এর ভিত্তিতে):**


প্রকল্পের বাস্তবায়ন দক্ষতা পর্যালোচনা ও মূল্যায়ন অংশে (অনুচ্ছেদ ২২) ৬০ নম্বরের মধ্যে প্রকল্প কর্তৃপক্ষের নিজস্ব মূল্যায়নে ৪৭ নম্বর এবং আইএমইডি'র মূল্যায়নে ৪৩ নম্বর প্রদান করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অর্জন মূল্যায়নে (অনুচ্ছেদ ২৩) ৪০ নম্বরের মধ্যে প্রকল্প কর্তৃপক্ষের নিজস্ব মূল্যায়নে ৩০ নম্বর এবং আইএমইডি'র মূল্যায়নে ২৭ নম্বর প্রদান করা হয়েছে। প্রকল্প কর্তৃপক্ষের নিজস্ব মূল্যায়নে মোট ১০০ নম্বরের মধ্যে প্রদান করা হয়েছে ৭৭ নম্বর এবং আইএমইডি'র মূল্যায়নে প্রদান করা হয়েছে ৭০ নম্বর, যা নম্বর বিভাজন অনুযায়ী প্রকল্পটি মোটামুটি সন্তোষজনকভাবে বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

- ( নম্বর বিভাজনঃ অত্যন্ত সন্তোষজনক-৮৫-১০০/ সন্তোষজনক-৭৫-৮৪/ মোটামুটি সন্তোষজনক-৬০-৭৪/ মোটামুটি অসন্তোষজনক-৫০-৫৯/ অসন্তোষজনক-৪০-৪৯/ অত্যন্ত অসন্তোষজনক- ৪০ এর নীচে )

## ২৩। প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:



প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে বৈঠক




NAMA রিপোর্ট

## ২৪। সুপারিশ/মতামত:

২৪.১ প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়নে ১০০ নম্বরের মধ্যে ৭৭ নম্বর এবং আইএমইডি'র মূল্যায়নে ৭০ নম্বর প্রাপ্ত হয়েছে। নম্বর বিভাজন অনুযায়ী প্রকল্পটি মোটামুটি সন্তোষজনকভাবে বাস্তবায়িত হয়েছে (অনুচ্ছেদ-২০, ২১ ও ২২ দ্রষ্টব্য);

২৪.২ প্রকল্পের "Project Implementation Component" ও Claimate Mitigation Funding Component" এর কার্যক্রম যথাক্রমে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অনুদান ৪৬৬.৮০ লক্ষ টাকা এবং নরডিক ডেভেলপমেন্ট ফান্ড (এনডিএফ) অনুদান ৩১১.২০ লক্ষ টাকায়, মোট ৭৭৮.০০ টাকায় বাস্তবায়নের জন্য নির্ধারিত থাকলেও প্রকৃতপক্ষে ব্যয় হয়েছে মোট ৫৫২.১৯ লক্ষ টাকা, যা ২২৫.৮১ লক্ষ টাকা অব্যয়িত । উল্লিখিত দুটি কম্পোনেন্টেই প্রশিক্ষণ প্রদান ও ইক্যুইপমেন্ট ক্রয়ের সংস্থান ছিল। অব্যয়িত অর্থ দ্বারা বাংশাদেশ রেলওয়ের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনীয় অফিস যন্ত্রপাতি ক্রয় করা সমীচীন ছিল। প্রকল্পের অনুদানের অর্থ সম্পূর্ণরূপে ব্যবহার করতে না পারার বিষয়ে রেলপথ মন্ত্রণালয় ব্যাখ্যা প্রদান করবে (অনুচ্ছেদ-১৫ (খ) (১) ও (২) দ্রষ্টব্য);

২৪.৩ প্রকল্পের "Project Implementation Component"-এর জন্য এডিবি অনুদান ৪৬৬.৮০ লক্ষ টাকা এবং " Claimate Mitigation Funding Component"- এর জন্য এনডিএফ অনুদান ৩১১.২০ লক্ষ টাকার অনুকূলে মোট ব্যয় হয়েছে ৫৫২.১৯ লক্ষ টাকা। উল্লিখিত কোন কম্পোনেন্টে কত টাকা ব্যয় হয়েছে তা আলাদাভাবে তথ্য পাওয়া যায়নি। উল্লিখিত কম্পোনেন্ট দুটির আওতায় সাব-কম্পোনেন্টভিত্তিক ব্যয় নিরূপণ করে আলাদাভাবে এডিবি এবং এনডিএফ অনুদানের অর্থ ব্যয়ের হিসাব প্রদান করতে হবে (অনুচ্ছেদ-১৫ (খ) (১) ও (২) দ্রষ্টব্য);

২৪.৪ ভবিষ্যতে প্রকল্পের অনুদানের অর্থ পুরোপুরি ব্যয়ের বিষয়ে রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ে-কে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৪.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত ২৪.২ হতে ২৪.৪ এর আলোকে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ৩০-০১-২০২৩ তারিখের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।